

পশ্চিমবঙ্গ সরকার

কৃষি দপ্তর

বিজ্ঞপ্তি

কৃষক ও কৃষি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো হচ্ছে যে, " জাতীয় খাদ্য সুরক্ষা মিশন " প্রকল্পের আওতাধীনে আসন্ন খরিফ মরশুমে কুচবিহার, জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর, পুরুলিয়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, হাওড়া এবং দক্ষিণ ২৪ পরগণা - পশ্চিমবঙ্গের এই আটটি জেলায় ভর্তুকীতে ধানবীজ সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। একইভাবে মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূম ও পুরুলিয়া - এই পাঁচটি জেলায় ভর্তুকীতে ডাল শস্যের বীজ বিতরণের ব্যবস্থা করা হয়েছে। উচ্চফলনশীল ধানবীজের জন্য কেজি প্রতি ৫ (পাঁচ) টাকা, হাইব্রীড ধানের ক্ষেত্রে কেজি প্রতি ২০ (কুড়ি) টাকা এবং উচ্চফলনশীল ডাল শস্যের বীজের জন্য কেজি প্রতি ১২ (বারো) টাকা হারে ভর্তুকী দেওয়া হবে।

উৎসাহী কৃষক বন্ধুরা বিভিন্ন রাজ্যের বীজ নিগম, সমবায় সংস্থা, ব্যক্তিগত মালিকানাধীন বীজ সংস্থা, সরকারী ও বিশ্ববিদ্যালয় খামার প্রভৃতি থেকে শংসিত বীজ কিনলে এই অনুদান পাওয়া যাবে। বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় কৃষি প্রযুক্তি সহায়ক, কৃষি উন্নয়ন আধিকারিক অথবা সংশ্লিষ্ট জেলার মুখ্য কৃষি আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে পরামর্শ দেওয়া হচ্ছে।

মিশন অধিকর্তা
জাতীয় খাদ্য সুরক্ষা মিশন
পশ্চিমবঙ্গ